দৈনিক ইত্তেফাক

তারিখ OCT 18 1999
পৃঃ ৫ কলাম ৬

## ভার্সিটি নয় ইউনিভার্সিটি প্রসঙ্গে

গত ৯ অক্টোবর '৯৯ তারিখে ঢাকার তেজগাঁও কলেজের অনল আহমেদের লেখা "ভার্সিটি নয় ইউনিভার্সিটি" শীর্ষক ইত্তেফাকে প্রকাশিত পত্রটির প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হইয়াছে। উক্ত পত্রে লেখক বলিতে চাহিয়াছেন, 'ভার্সিটি' বলিয়া কোন শব্দ আছে বলিয়া তাহার জানা নাই। বিভিন্ন পত্র-পত্রিকায় বিশ্ববিদ্যালয়ের সংবাদ পরিবেশনের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় বা ইউনিভার্সিটি ব্যবহার না করিয়া 'ভার্সিটি' ব্যবহার করা কতটা গ্রহণযোগ্য সে বিষয়েও উনি প্রশ্ন তুলিয়াছেন। এই প্রসঙ্গে আমি বলিতে চাই, একজন মানুষের পক্ষে সবকিছু না জানা অস্বাভাবিক কিছু নয়। কোন ব্যাপারে সন্দেহের অবকাশ থাকিলে অন্য কাহারও সহযোগিতায় সেইটা দূর করাই শ্রেয়। কিন্তু নিজের অজ্ঞতা প্রকাশ করিয়া জাতীয় পত্রিকায় পত্র লিখিয়া জনমনে বিভ্রান্তি সৃষ্টি করা কি বাঞ্ছনীয়? আপনার জানা না থাকিলেও অনেকেই জানেন যে, 'Varsity' শব্দটি University-র কথ্য সংক্ষেপ। একটি Dictionary দেখিলে আপনি নিজেও জানিতে পারিবেন। তবে ইউনিভার্সিটি লিখিতে VER এবং ভার্সিটি লিখিতে VAR ব্যবহৃত হয়। আর সেইজন্যই হয়ত আপনি ইতিপূর্বে Varsity শব্দটি Dictionary-তে খুঁজিয়া পান নাই। পরিশেষে আমি বলিতে চাই, বিভিন্ন পত্র-পত্রিকায় ব্যবহৃত 'ভার্সিটি' শব্দটি অবশ্যই সঠিক। এই বিষয়ে জনমনে কোন বিভ্রান্তি সৃষ্টি হওয়ার অবকাশ নাই।

মোঃ নজরুল ইসলাম শাহীন,
ম্যানেজার, উত্তরা ব্যাংক লিঃ,
বাখরাবাদ গ্যাস শাখা, কুমিল্লা।